

নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন
১০ নগর ভবন, নারায়ণগঞ্জ।

নাম পরিবর্তন ও কর বিভাজি করার ক্ষেত্রে নিম্ন লিখিত নিয়মাবলী অনুসরণ করা হয়ঃ-

১. এসেসমেন্ট শাখা হতে নাম পরিবর্তন ও কর বিভাজি সংক্রান্ত ফরম ৫/- টাকার বিনিময়ে সংগ্রহ করতে হবে।
২. যে হোল্ডিংয়ে নাম পরিবর্তন করতে হবে সে হোল্ডিংয়ের জমি/ভূমির মালিকানা সংক্রান্ত কাগজপত্র যেমনঃ জমির দলিলের ফটোকপি, আর.এস. পর্চা, ডি.সি.আর খাজনা পরিশোধ রশিদ এবং প্রয়োজনীয় ক্ষেত্রে ওয়ারিশন সনদের ফটোকপি আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।
৩. উক্ত কাগজ পত্রের মূলকপি (কর নির্ধারক কর্তৃক স্বাক্ষর) প্রদর্শন পূর্বক ফটোকপি আবেদন পত্রের সাথে সংযুক্ত করে অভ্যর্থনা কক্ষে জমা দিতে হবে।
৪. যে হোল্ডিংয়ের নাম পরিবর্তন অথবা নাম পরিবর্তন ও কর বিভাজি করতে হবে সে হোল্ডিংয়ের হালসন পৌরকর পরিশোধ করতে হবে এবং রশিদের ফটোকপি সংযুক্ত করতে হবে।
৫. আবেদনকারী সাফকবলা দলিলমূলে মালিক নিয়ত হয়ে থাকলে দলিল মূলের উপর ০.৫% অর্থাৎ প্রতি লাখে ফিস বাবদ ৫০০/- (পাঁচশত) টাকা হারে এবং হেবা দলিল অথবা ওয়ারিশন সূত্রে মালিকাপ্রাপ্ত হলে সেক্ষেত্রে জমির মূল্য যা হোক না কেন ফিস বাবদ নূন্যতম ৫০০/- (পাঁচশত) টাকা নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের রাজস্ব তহবিলে জমা প্রদান করতে হবে।
৬. নাম পরিবর্তন সংক্রান্ত কার্যক্রমে আবেদনকারী এবং হোল্ডিং পূর্বমালিক উভয়কে মিউনিসিপ্যাল করা রোপন বিধি ৩১(২) উপধারা মোতাবেক ৩০ দিনের সময়সীমা মেয়াদী নোটিশ প্রদান করা হয়ে থাকে।
৭. অতঃপর নির্ধারিত সময়সীমা অতিক্রান্ত হলে কোন অপত্তি পাওয়া না গেলে নথি অনুমোদন সাপেক্ষে ফিস জমাকরণের আবেদনকারীর বরাবর পত্র প্রেরণ করা হয়।
৮. সর্বোপরি ফিস জমা প্রদান করে রশিদের ফটোকপি এসেসমেন্ট শাখায় জমা দিলে নথি চূড়ান্তভাবে অনুমোদিত হয় এবং আবেদন কারীর নামে নাম পরিবর্তন সংক্রান্ত চূড়ান্ত পত্র প্রেরণ করা হয় এবং তা এসেসমেন্ট রেজিস্টারসহ কম্পিউটারে চূড়ান্তভাবে সংরক্ষণ করা হয়।

বিঃ দ্রঃ- নতুন হোল্ডিং সৃজনের ক্ষেত্রে শুধুমাত্র ৩০ দিনের সময়সীমা মেয়াদী নোটিশ প্রদান করাই হয়না বরং অন্যান্য নিয়মাবলী নাম পরিবর্তনের অনুরূপ।

এসেসমেন্ট শাখা
নগরভবন
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন